

সমকাল

নতুন শিক্ষানীতিতে পাঠ্যবই হবে শিশুদের পরম আগ্রহের: গণশিক্ষা প্রতিমন্ত্রী

প্রকাশ: ০৩ জুন ২৩ | ২২:৫০ | আপডেট: ০৩ জুন ২৩ | ২২:৫০

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন বলেছেন, সরকার নতুন শিক্ষানীতির আলোকে প্রাথমিক শিক্ষাকে নতুন আঙ্গিকে ও নতুন ধারায় সাজিয়েছে। নতুন শিক্ষানীতিতে পাঠ্যবই হবে শিশুর পরম আগ্রহের, বিদ্যালয় হবে তাদের প্রিয় প্রাঙ্গণ।

শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে জাতীয় পর্যায়ে প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এসব কথা বলেন।

জাকির হোসেন বলেন, খেলাধুলা শিশুর স্বপ্নের জগৎ এবং ভাবনা ও সম্ভাবনার অসংখ্য দুয়ার তৈরি করে। আর সে দুয়ার দিয়ে বাইরের পৃথিবী দেখতে শিশু বইয়ের প্রতি আকৃষ্ট হয়। তাই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় শিশুর পরিপূর্ণ বিকাশে পড়াশোনা ও খেলাধুলা— দুটোর প্রতিই গুরুত্বারোপ করেছে।

এদিন সকাল ৯টা থেকে দিনব্যাপী ক বিভাগে পাঁচটি এবং খ বিভাগে সাতটি মোট ১২ ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নেয় শিক্ষার্থীরা। এতে ক বিভাগে প্রথম ও দ্বিতীয় শ্রেণি এবং খ বিভাগে তৃতীয়-পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা অংশ নেয়। বিকেলে তাদের পুরস্কার দেওয়া হয়।

প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী শিক্ষার্থী যথাক্রমে ৩০, ২৫ ও ২০ হাজার টাকার সঙ্গে একটি ক্রেস্ট ও সনদপত্র পাবে। এ পুরস্কার আগামী জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে দেওয়া হবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহ রেজওয়ান হায়াত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এর আগে সকালে প্রতিমন্ত্রী জাতীয় পতাকা উত্তোলন করেন এবং পায়রা ও বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com